৩৫

ভোরের কাগজ

তারিখ ... JUL 12 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

## কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সমীপে

বাংলাদেশ ইনস্টিটিউট অফ মেরিন টেকনোলজি (বিআইএমটি)-তে চালু ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সটি ৩ বছর মেয়াদি এবং ছয় সেমিস্টারে বিভক্ত ও প্রত্যেক সেমিস্টারে আলাদা আলাদা পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। কিন্তু কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে শুধু তৃতীয় বর্ষের প্রথম ও দ্বিতীয় পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং বোর্ড কর্তৃক এই দুই সেমিস্টারের মার্কশিটই প্রদান করা হয়, যা অত্যন্ত হতাশাব্যঞ্জক। অথচ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ছয় সেমিস্টার পরীক্ষাই তাদের অধীনে নিতে পারেন এবং ছাত্রদের দাবিও তাই।

তাছাড়া দুঃখজনক ব্যাপার হলো, বর্তমানে মেরিন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সের যে সিলেবাসটি অনুসরণ করা হচ্ছে তা পুরোনো প্রযুক্তিনির্ভর এবং এতে সমকালীন কিছু বিষয় অনুপস্থিত। যার ফলে এই কোর্সের ছাত্ররা নতুন প্রযুক্তিগত শিক্ষা হতে বঞ্চিত হচ্ছে। অন্যদিকে বোর্ড কর্তৃক পাসকৃত ছাত্রদের বাংলায় সনদপ্রদান করা হয়। যেহেতু কোর্সটি আন্তর্জাতিকমান সম্পন্ন এবং ৭০-৮০% মেরিন ডিপ্লোমাধারী বিদেশে বিভিন্ন ক্ষেত্রে কাজ করার সুযোগ পেয়ে থাকে সেহেতু এক্ষেত্রে ইংরেজি সনদ আবশ্যকীয়। পরবর্তী পর্যায়ে যেহেতু সনদ ভাষান্তরের প্রয়োজন হচ্ছে, সেজন্য একবারেই ইংরেজি সনদ বোর্ড কর্তৃপক্ষ প্রদান করতে পারেন।

এমতবস্থায় কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যান সমীপে সবিনয় আবেদন এই যে, (১) ৩ বছর মেয়াদি এই কোর্সের ৬ সেমিস্টার পরীক্ষাই বোর্ডের নিয়ন্ত্রণাধীন, (২) নতুন কমিটি গঠনের মাধ্যমে সিলেবাস প্রণয়ন এবং (৩) ইংরেজিতে সনদ প্রদানের আশু ব্যবস্থা নেওয়া হোক।

মোঃ জহিরুল হক
সাধারণ সম্পাদক, ডিপ্লোমা মেরিন ইঞ্জিঃ ছাত্রপরিষদ
নারায়ণগঞ্জ-১৪১৩।